



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)



স্মারক নং : পরী/মাধ্য/এসএসসি/২০২৬/৮৬৮

তারিখ: ০২/০৯/২০২৬ খ্রি.

সূত্র: আশির্বো/প্রশা/২০১০/১১৬, তারিখ: ২৪/০৮/২০২৬ খ্রি.

## ২০২৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি :

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, ২০২৭ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

পরীক্ষা শুরুর সময়: সকাল ১০: ০০টা

| বিষয়                                               | বিষয় ও কোড | তারিখ ও দিন               |
|-----------------------------------------------------|-------------|---------------------------|
| ১। বাংলা (আবশ্যিক) -১ম পত্র                         | ১০১         | ১৪/০৩/২০২৭<br>রবিবার      |
| ১। বাংলা (আবশ্যিক) -২য় পত্র                        | ১০২         | ১৬/০৩/২০২৭<br>মঙ্গলবার    |
| ১। ইংরেজি (আবশ্যিক) -১ম পত্র                        | ১০৭         | ১৮/০৩/২০২৭<br>বৃহস্পতিবার |
| ১। ইংরেজি (আবশ্যিক) - ২য় পত্র                      | ১০৮         | ২১/০৩/২০২৭<br>রবিবার      |
| ১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি                         | ১৫৪         | ২২/০৩/২০২৭<br>সোমবার      |
| ১। গণিত (আবশ্যিক)                                   | ১০৯         | ২৫/০৩/২০২৭<br>বৃহস্পতিবার |
| ১। বাংলাদেশ ও বিশ্বপরিচয়                           | ১৫০         | ২৮/০৩/২০২৭<br>রবিবার      |
| ১। পদার্থবিজ্ঞান (তত্ত্বীয়)                        | ১৩৬         | ৩০/০৩/২০২৭<br>মঙ্গলবার    |
| ২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা                  | ১৫৩         |                           |
| ৩। ফিন্যান্স ও ব্যাংকিং                             | ১৫২         |                           |
| ১। ভূগোল ও পরিবেশ                                   | ১১০         | ০১/০৪/২০২৭<br>বৃহস্পতিবার |
| ১। রসায়ন (তত্ত্বীয়)                               | ১৩৭         | ০৪/০৪/২০২৭<br>রবিবার      |
| ২। পৌরনীতি ও নাগরিকতা                               | ১৪০         |                           |
| ৩। ব্যবসায় উদ্যোগ                                  | ১৪৩         |                           |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)                   | ১৫১         | ০৬/০৪/২০২৭<br>মঙ্গলবার    |
| ২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)                          | ১৩৪         |                           |
| ১। হিসাববিজ্ঞান                                     | ১৪৬         | ০৮/০৪/২০২৭<br>বৃহস্পতিবার |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়)                          | ১২৬         | ১১/০৪/২০২৭<br>রবিবার      |
| ২। বিজ্ঞান                                          | ১২৭         |                           |
| ১। জীববিজ্ঞান (তত্ত্বীয়)                           | ১৩৮         | ১৩/০৪/২০২৭<br>মঙ্গলবার    |
| ২। অর্থনীতি                                         | ১৪১         |                           |
| ১। ইসলাম ও নৈতিক শিক্ষা/ ইসলাম শিক্ষা               | ১১১         | ১৫/০৪/২০২৭<br>বৃহস্পতিবার |
| ২। হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা/ হিন্দু ধর্ম শিক্ষা   | ১১২         |                           |
| ৩। বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা/বৌদ্ধ ধর্ম শিক্ষা      | ১১৩         |                           |
| ৪। খ্রিষ্ট ধর্ম ও নৈতিক শিক্ষা/ খ্রিষ্ট ধর্ম শিক্ষা | ১১৪         |                           |

চলমান পাতা-০২

০২.৭.২৬

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয়                         | তারিখ ও দিন                                                                                                                                                                                                                                                                                                                                | সময়                                      | স্থান                                          | মন্তব্য                                                                                                                                                                                                                                                                                                                                                                                                       |
|-------------------------------|--------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|-------------------------------------------|------------------------------------------------|---------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------------|
| সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৬/০৪/২০২৭ থেকে ২১/০৪/২০২৭ পর্যন্ত।<br>(উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে) এবং ২৩/০৪/২০২৭ তারিখের মধ্যে হাতে লেখা নম্বরফর্দ এবং ব্যবহারিক উত্তরপত্র, আনুষঙ্গিক কাগজপত্রাদি ও স্বাক্ষরলিপি বিভাগ অনুযায়ী রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে হাতে হাতে কেন্দ্র সচিবের ফরওয়ার্ডিংসহ মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০টা থেকে পরীক্ষা শুরু হবে। | স্ব-স্ব পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। | ব্যবহারিক পরীক্ষার জন্য শুধুমাত্র ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তৃতীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না।<br><br>বি.দ্র. ব্যবহারিক পরীক্ষার নম্বর অনলাইনে প্রেরণ করতে হবে। ব্যবহারিক পরীক্ষার নম্বর ফর্দের হার্ডকপি বোর্ডে জমা দিতে হবে না। তবে অন্তঃ ও বহিঃ পরীক্ষক প্রদত্ত নম্বর ফর্দের হার্ডকপি এবং অনলাইনে প্রেরিত নম্বর ফর্দের এক সেট প্রিন্ট কপি কেন্দ্র সচিব সংরক্ষণ করবেন। |

## বিশেষ নির্দেশাবলি :

- ০১। পরীক্ষা শুরুর ৩০(ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ০২। প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ০৩। প্রথমে বহুনির্বাচনী ও পরে সৃজনশীল/রচনামূলক (তৃতীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না।
- ০৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৭ (সাত) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ০৫। শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (১৪৭) এবং ক্যারিয়ার শিক্ষা (১৫৬) বিষয়সমূহ জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড- এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিব ব্যবহারিক পরীক্ষার নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নে প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ নিশ্চিত করবে।
- ০৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ০৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তৃতীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
- ০৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করার অনুমতি প্রদান করা যাবে না।
- ০৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা সৃজনশীল/রচনামূলক (তৃতীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না।
- ১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় শিক্ষাবোর্ড কর্তৃক অনুমোদিত ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে এবং এনালগ ঘড়ি সাথে রাখতে পারবে।
- ১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না। কেন্দ্র সচিব শুধুমাত্র ফিচার ফোন (স্মার্ট ফোন ব্যতীত) ব্যবহার করতে পারবেন।
- ১২। সৃজনশীল/রচনামূলক (তৃতীয়), বহুনির্বাচনী ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
- ১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব-স্ব কেন্দ্রে অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষা গ্রহণের জন্য অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগের লক্ষ্যে কেন্দ্র সচিব ঐ কেন্দ্রের পরীক্ষায় অংশগ্রহণকারী বিদ্যালয়গুলোর বিজ্ঞান শিক্ষক/অন্যান্য ব্যবহারিক বিষয়ের শিক্ষকগণের একটি তালিকা জ্যেষ্ঠতার ক্রমানুসারে প্রস্তুত করে কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার তত্ত্বাবধানে ব্যবহারিক বিষয়ের জন্য অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগ করবেন। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন তিন দফায় (Three shift) গ্রহণ করতে হবে। প্রতি দফায় ২০ জন করে পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। সংশ্লিষ্ট পরীক্ষকগণ ব্যবহারিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হতে বিষয় ও তারিখ অনুযায়ী স্বাক্ষরপত্রের যথাস্থানে স্বাক্ষর গ্রহণ করবেন।
- ১৪। দৈনন্দিন পরীক্ষা শেষে রচনামূলক/সৃজনশীল উত্তরপত্র, OMR এর প্রথম অংশ, নৈর্ব্যক্তিক/বহুনির্বাচনী উত্তরপত্র সরাসরি/ ডাকযোগে/ রেলযোগে ঐদিনই বোর্ডে প্রেরণ করতে হবে।
- ১৫। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃনিরীক্ষণের জন্য অনলাইনে আবেদন করতে হবে। কুমিল্লা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে আবেদন প্রক্রিয়া, তারিখ ও সময় জানিয়ে দেওয়া হবে।

প্রফেসর ড. মো. শফিকুল ইসলাম  
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

০২.৩.২৬